গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নং ০৫.৮১.০০০০.০০১.০১.০০৩.০৪ (অংশ-৪). তারিখ: ০৪/১১/২০১৮ খ্রি.

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৯তম বোর্ড সভা গত ২৫/১০/২০১৮ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চেয়ারম্যান জনাব ফয়েজ আহম্মদ এর সভাপতিত্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে নির্দেশক্রমে এর সাথে প্রেরণ করা হল।

সংযুক্তি: ২৯তম বোর্ড সভার কার্যবিবরণী।

(মোঃ আবু রায়হান মিঞা)
উপসচিব
উপপরিচালক (প্রশাসন)
ফোন : ৯৩৩০৮০৫
ফ্যাক্স : ৯৩৩৫৩৪৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

০১। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।
০২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
০৩। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৪। বিভাগীয় কমিশনার ও সভাপতি, আঞ্চলিক কল্যাণ কমিটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
০৭। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
০৮। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন।
০৯। অতিরিক্ত সচিব(প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
১০। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১২। অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৩। যুগ্মসচিব(মতামত), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৪। পরিচালক(প্রশাসন)/পরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। উপসচিব, সচিবালয় শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৭। উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১৮। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১৯। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২০। সহকারী পরিচালক(প্রশাসন)/সহকারী পরিচালক (কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২১। গবেষনা কর্মকর্তা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২২। হিসাবরক্ষণ অফিসার, কল্যাণ তহবিল/বোর্ড তহবিল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২৩। পরিবহণ কর্মকর্তা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২৪। মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়কে অবহিত করণের জন্য)।
২৫। অফিস কপি।



Scanned by CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
www.bkkb.gov.bd

**বিষয়: ২৫ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৯তম সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৯তম বোর্ড সভা ২৫ অক্টোবর, ২০১৮ তারিখ বিকাল ০৫.০০ টায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চেয়ারম্যান জনাব ফয়েজ আহম্মদ এর সভাপতিত্বে তাঁর সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্য/কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট – 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক ও বোর্ডের সদস্য সচিব-কে অনুরোধ করেন। মহাপরিচালক সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি ১.০। গত ৩১ মে, ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৮তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক সভায় অবহিত করেন যে, ৩১ মে, ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৮তম সভার কার্যবিবরণী সদস্যদের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর কোনরুপ সংশোধনী প্রস্তাব/মন্তব্য পাওয়া যায়নি। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে নিশ্চিত (Confirm) করা হয়। অতঃপর বিগত ৩১ মে, ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ডের ২৮তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়:

**(ক) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় ৩০তলা ভবন নির্মাণ।**

(i) বোর্ডের মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, সর্বশেষ ০৩/০৬/২০১৮ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্থাপত্য অধিদপ্তর ৩০তলা বাণিজ্যিক ভবনের নকশা (কল্যাণ ভবন) ২০/০৮/২০১৮ খ্রি. তারিখে উপস্থাপন করে এবং সভার নির্দেশনা অনুসারে স্থাপত্য অধিদপ্তর এই নক্সাটি সংশোধন ও চূড়ান্ত করেছে। নক্সাটি মাননীয় প্রধানমন্ত্রীকে দেখানোর জন্য সময় প্রার্থনা করে সারসংক্ষেপ প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা অন্তর্ভূক্ত করে দেখানোর জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে সময় চাওয়া হয়েছে। সভাপতি সভায় জানান যে, উল্লিখিত প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রীর নজরে আনা হয়েছে। আশা করা যায় দ্রুত তারিখ পাওয়া যাবে।

(ii) অন্যদিকে র‍্যাব কর্তৃক ব্যবহৃত শেরেবাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের জায়গাটি খালি করে দেয়ার জন্য গত ১৮/৭/২০১৮ খ্রি. তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে কোন তথ্য বা জবাব পাওয়া যায়নি। এছাড়া চুক্তির মেয়াদ নবায়নের জন্য র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান-২, শেরেবাংলানগর, আগারগাঁও, ঢাকা এর নিকট পত্র প্রেরণ এবং হালনাগাদ ভাড়া পরিশোধের ব্যাংক স্লিপ প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত :**
**(১) মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবলোকনের পর পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে;**
**(২) শেরেবাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি ও ভাড়া পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।**

**বাস্তবায়নে : (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;**
**(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর;**

Scanned by CamScanner

(৩) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর;
(৪) পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**(খ) বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ।**

মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত বোর্ডের নিজস্ব জায়গায় ২০ (বিশ) তলা বহতল ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গত ১৮/৭/২০১৮ খ্রি: তারিখে ০৫.৮১.০০০০.০০২. ১৬.০০৯.০১-৩২৫ নং স্মারকের মাধ্যমে প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা-কে তাগিদ পত্র প্রেরণ করা হয়। স্থাপত্য অধিদপ্তর হতে এখনও কোন নকশা পাওয়া যায়নি। গত বোর্ড সভার সিদ্ধান্ত অনুসারে স্থাপত্য অধিদপ্তর থেকে নক্সা না পাওয়ায় আউট সোর্সিং এর মাধ্যমে যোগ্য বেসরকারী নক্সা প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে নক্সা প্রণয়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত :** বোর্ডের চট্টগ্রাম কমিউনিটি সেন্টারের স্থানে বহতল ভবন নির্মাণের জন্য স্থাপত্য নকশা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরকে সর্বশেষ তাগিদপত্র প্রদান করতে হবে এবং এক মাসের মধ্যে নকশা না পেলে কল্যাণ বোর্ড আউটসোর্সিং এর মাধ্যমে নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরি ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

**বাস্তবায়নে :** (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
(২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
(৩) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ।

**(গ) সোনালী ব্যাংক ও বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের কল্যাণ ভাতার কার্ডভিত্তিক হিসাব রিকনসাইল করে সমন্বয় করা প্রসঙ্গে।**

মহাপরিচালক সভায় জানান যে, সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখা তাদের সংশ্লিষ্ট সকল শাখা হতে মেয়াদোত্তীর্ণ সকল আদেশনামা ফেরত এবং ২০০৬ থেকে ২০১৮ সাল পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ দ্রুত সম্পন্ন করবেন। আর কোন বিভাগ থেকে ব্যাংক টাকা পাবে না বলে ব্যাংক কর্তৃপক্ষ মৌখিকভাবে জানিয়েছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত :** (১) সোনালী ব্যাংক রমনা কর্পোরটে শাখা তাদের সংশ্লিষ্ট সকল শাখা হতে মেয়াদোত্তীর্ণ সকল আদেশনামা ফেরত নিয়ে দ্রুত প্রেরণ নিশ্চিত করবেন এবং ২০০৬ থেকে ২০১৭ সাল পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ দ্রুত সম্পন্ন করবেন;

(২) বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণ সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট কর্পোরেট শাখার সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে ২০০৬ সাল থেকে ২০১৭ পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ দ্রুত শেষ করবেন;

**বাস্তবায়নে :** (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;
(২) সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখা;
(৩) উপপরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)।

**(ঘ) স্টাফবাসের গ্যারেজের স্থান নির্বাচন।**

বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে স্টাফবাসের গ্যারেজের স্থান নির্বাচনের লক্ষ্যে গত ১৫/০৭/২০১৮ খ্রি. তারিখের ০৫.৮১.০০০০.০০১.০৩.০৫৯.১৩-৩১৬ নং স্মারকের মাধ্যমে বিভাগীয় কমিশনার ঢাকাকে স্টাফবাস সার্ভিস কর্মসূচির গাড়িগুলির জন্য একটি মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের অনুরোধ জানিয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে অদ্যাবধি কোন তথ্য বা উদ্যোগ অবহিত করা হয়নি মর্মে সভাকে অবহিত করা হয়। সভাপতি, বিভাগীয় কমিশনার, ঢাকা-কে গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** ঢাকা বিভাগীয় কমিশনার স্টাফবাস কর্মসূচির গাড়িগুলোর মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করবেন।



Scanned by CamScanner

**বাস্তবায়নে : (১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**
**(২) বিভাগীয় কমিশনার, ঢাকা।**

**(ঙ) সরকারি দায়িত্ব পালনের কারণে কোন কর্মচারী ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত আবেদন বিবেচনা।**

মহাপরিচালক সভাকে জানান যে, সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত ও আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে আলোচনা প্রক্রিয়াধীন রয়েছে। উপস্থিত সকল সদস্য এতে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত: সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত ও আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।**

**বাস্তবায়নে : জনপ্রশাসন মন্ত্রণালয়।**

**(চ) মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আউট সোর্সিং করে প্রশিক্ষক নিয়োগের মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক নতুন ট্রেড কোর্স চালু করা।**

মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আউট সোর্সিং করে প্রশিক্ষক নিয়োগের মাধ্যমে "স্বাস্থ্য পরিচর্যা" বিষয়ক নতুন ট্রেড কোর্স চালু করার বিষয়ে মহাপরিচালক জানান যে, ১৮/০৭/২০১৮ খ্রি. তারিখে কোর্স কারিকুলাম ও খন্ডকালীন শিক্ষক নির্বাচন বিষয়ে ০৫.৮১.০০০০.০০১.০৩.০৬২.০৯-৩২৩ নং স্মারকের মাধ্যমে পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা, সিভিল সার্জন (চিকিৎসা শিক্ষা ও প্রশাসন) বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সিভিল সার্জন, আজিমপুর, ঢাকা-কে পত্র প্রেরণ করা হয়।

**সিদ্ধান্ত : সিভিল সার্জন/চিকিৎসা শিক্ষা ও প্রশাসনের সাথে যোগাযোগ করে স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক নতুন ট্রেড কোর্স চালুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।**

**বাস্তবায়নে : পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**(ছ) ২০১৭-১৮ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা নতুন গাড়ী ক্রয় সংক্রান্ত:**

স্টাফবাস সার্ভিস কর্মসূচির জন্য ২০১৭-২০১৮ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা ৭টি ৫২ সিটের গাড়ি ক্রয়ের জন্য অর্থ বরাদ্দ ছিল। উক্ত অর্থ দ্বারা ২০১৮-২০১৯ অর্থবছরে গাড়ী ক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত** : স্টাফবাস পরিচালনা ও রক্ষণাবেক্ষণের সার্বিক দিক যাচাই অন্তে গাড়ী ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে : পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**(জ) মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সরাসরি জনবল নিয়োগ:**

মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ০৫টি প্রশিক্ষক পদে সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে, দারোয়ান পদে ০৬টি ও ০১টি সুইপার পদে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে।

**সিদ্ধান্ত** : প্রশিক্ষক, দারোয়ান এবং সুইপার নিয়োগ প্রক্রিয়া/বিধি অনুসরণপুর্বক সত্ত্বর নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে : পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**(ঝ) স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নীতিমালা সংশোধন সংক্রান্ত:**

বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নীতিমালা সংশোধনের জন্য গত ০৮/০৩/২০১৭খ্রি. তারিখে ০৫.৮১.০০০০.০০১.০৩.০৬৯.১১(খন্ড)-১২৯ নং স্মারকের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখা হতে ০৭ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখের পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের "স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের



Scanned by CamScanner

নীতিমালা" বোর্ড সভার অনুমোদনক্রমে প্রস্তুত করা যেতে পারে। তৎপ্রেক্ষিতে সংশোধিত নীতিমালা বোর্ডের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। এ ছাড়া বর্তমানে বিআরটিএ থেকে সরাসরি ভারী লাইসেন্সও প্রদান করা হচ্ছে না। কাজেই সংশোধিত নীতিমালা অনুমোদন দেয়া যেতে পারে।

এ বিষয়ে ইতোপূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব ও চেয়ারম্যান, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড মহোদয় বরাবর নথি উপস্থাপন করা হলে নথিতে মহোদয় বিষয়টি অনুমোদন প্রদান করেন এবং নীতিমালার প্রস্তাবিত সংশোধনের জন্য নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য, উক্ত নীতিমালার দু'টি সংশোধনীর প্রস্তাব করা হয়েছে। পূর্বে ১০০% সরাসরি নিয়োগের স্থলে (ক) প্রস্তাবিত সংশোধনীতে গাড়িচালক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ৭৫% এবং ভারী লাইসেন্সের পাশাপাশি মাঝারি লাইসেন্স অন্তর্ভূক্তি এবং (খ) বাসহেলপার পদ হতে ২৫% শূন্য পদে পদোন্নতি ও পদোন্নতির ক্ষেত্রে বাসহেলপার পদে ০৭ (সাত) বছরের সন্তোষজনক চাকুরিসহ মোটরযান চালনায় ভারী ও মাঝারী বৈধ লাইসেন্স থাকতে হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। স্টাফবাস সার্ভিস কর্মসূচিতে বর্তমানে ভারী ও মাঝারি এ ০২ (দুই) ধরনের গাড়ি রয়েছে। কাজেই গাড়িচালক নিয়োগের ক্ষেত্রে ভারী লাইসেন্সের পাশাপাশি মাঝারি লাইসেন্স অন্তর্ভূক্তসহ বাসহেলপার পদ হতে ২৫% পদোন্নতির বিষয়টি সদয় অনুমোদন দেয়া যায়।

**সিদ্ধান্ত : প্রস্তাবিত সংশোধন অনুমোদনপূর্বক নীতিমালায় অন্তর্ভূক্ত করা যেতে পারে।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**(ঞ) <u>বোর্ডের নিজস্ব আয় বৃদ্ধি বিষয়ক আলোচনা:</u>**

মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট হতে বিনিয়োগকৃত অর্থের মুনাফার হার জানিয়েছে। অন্য দিকে সরকারি ব্যাংকগুলিকে মুনাফার হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হলে তারা ৫.৫% এর বেশী মুনাফা প্রদানে অপারগতা জানিয়েছে। তবে সোনালী ব্যাংক লি. কিছু ক্ষেত্রে মুনাফা ৬% হারে প্রদানে সম্মত হয়েছে। সভাপতি এ বিষয়ে বলেন যে, ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা ও মুনাফার হার পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করে বিনিয়োগের বিষয় সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**সিদ্ধান্ত: তফসীলভুক্ত বেসরকারি ব্যাংকসমূহের সুনাম, সক্ষমতা ও অবস্থান আরো সঠিকভাবে যাচাই করে কল্যাণ বোর্ডের সঞ্চিত অর্থের সর্বোচ্চ ২৫% বিনিয়োগ করা যেতে পারে।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ২.০। **<u>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট ভূতাপেক্ষ অনুমোদন।</u>**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৮-২০১৯ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সভায় ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয় মহাপরিচালক সভায় উল্লেখ করেন যে, ২৯তম বোর্ড সভা অনুষ্ঠানে বিলম্ব হওয়ায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ এর ২১ বিধি অনুযায়ী বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট ইতোমধ্যে বোর্ডের চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য প্রস্তাবিত ১৯৮,৪৮,৩৩,০০০/- (একশত আটানব্বই কোটি আটচল্লিশ লাখ তেত্রিশ হাজার) টাকার বাজেট ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা যেতে পারে মর্মে সকলে একমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০১৮-২০১৯ অর্থবছরের প্রস্তাবিত ১৯৮,৪৮,৩৩,০০০/- (একশত আটানব্বই কোটি আটচল্লিশ লাখ তেত্রিশ হাজার) টাকার বাজেট ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়।**

**সিদ্ধান্ত: মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**



Scanned by CamScanner

**আলোচ্যসূচি ৩.০।** **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ সংশোধনের ফলে কর্মচারীদের কর্মচারীদের কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমার প্রিমিয়ামের হার বৃদ্ধি করা; কল্যাণ অনুদান ও যৌথবীমার অনুদান বৃদ্ধিকরণ।**

মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধন) আইন, ২০১৮ গত ৩০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি. তারিখে জাতীয় সংসদে পেশ করা হয় এবং ১ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখে গেজেট হয়। এ আইন সংশোধনীর প্রধান উদ্দেশ্য ছিল কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমার প্রিমিয়াম এবং বিভিন্ন অনুদানের পরিমাণ সময়োচিতভাবে বৃদ্ধি করা। ইতোমধ্যে ১৬/১১/২০১৬ খ্রি. তারিখে ০৭.০০.০০০০.১৭১.১৩.০০১.১৬.১২০ নং স্মারকে অর্থ বিভাগের প্রবিধি-১ শাখা হতে কল্যাণ তহবিলের চাঁদা ৫০/- টাকা হতে ১৫০/- এবং যৌথবীমার প্রিমিয়াম ৪০/- টাকা হতে ১০০/- টাকা বৃদ্ধির অনুমতি প্রদান করা হয়েছে। এছাড়া, বিভিন্ন অনুদান যেমন: মাসিক কল্যাণ ভাতা ১,০০০/- টাকা হতে ২,০০০/- টাকা, সাধারণ চিকিৎসা অনুদান সর্বোচ্চ ২০,০০০/- টাকা হতে ৪০,০০০/- টাকা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান ৫,০০০/- টাকা হতে ১০,০০০/- টাকা এবং যৌথবীমার এককালীন অনুদান ১,০০,০০০/- টাকা হতে ২,০০,০০০/- টাকা বৃদ্ধির অনুমতি প্রদান করা হয়েছে। উক্ত আইনে ভাতা, চাঁদা ও প্রিমিয়ামের পরিমাণ উল্লেখ থাকার কারণে তা কার্যকর করা সম্ভব হয়নি। মহাপরিচালক আরও জানান যে, যে দিন থেকে চাঁদা বৃদ্ধি করা হবে তার ৩ মাস পর থেকে ভাতাদি বৃদ্ধি কার্যকর করা যেতে পারে। কারণ ভাতা বৃদ্ধির সাথে সাথে যদি কার্যকর শুরু হয় তা হলে অনেক টাকার প্রয়োজন হবে, আর বর্ধিত চাঁদা কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট তহবিলে জমা হতে প্রায় ৩ মাস সময় লেগে যাবে। সভাপতি বিষয়টি আরও যাচাই করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমার প্রিমিয়াম এবং বিভিন্ন অনুদানের পরিমাণ বৃদ্ধির বিষয়টি আরো যাচাই বাছাই করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ৪.০। **সরকারি কর্মচারীদের জন্য জীবন বীমা/গোষ্ঠীবীমা চালুকরণ।**

মহাপরিচালক সভায় জানান যে, সরকারি কর্মচারীদের জন্য জীবন বীমা/গোষ্ঠীবীমা চালু করার জন্য IDRA ছাড়াও জীবন বীমা কর্পোরেশনসহ বিভিন্ন বীমা কোম্পানীর নিকট থেকে যৌথ জীবন বীমা এবং স্বাস্থ্য বীমার বিভিন্ন প্রস্তাব (Offer) সংগ্রহ করা হয়েছে। এ গুলি পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। জীবনবীমা কর্পোরেশন থেকে প্রাপ্ত গোষ্ঠীবীমা চালুর প্রস্তাব এবং এর বিভিন্ন দিক সভায় উপস্থাপন করা হয়। প্রস্তাবটি প্রাথমিক বিবেচনায় ব্যয়বহুল বলে প্রতীয়মান হওয়ায় এটি আরও বিচার বিশ্লেষণ করে বাস্তব সম্মত প্রস্তাব দানের জন্য জীবন বীমাকে অনুরোধ করা যেতে পারে বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : **জীবন বীমা কর্পোরেশন থেকে প্রাপ্ত প্রস্তাবটি পর্যালোচনা করে আরও বাস্তবসম্মত এবং কর্মচারীদের জন্য সুবিধাজনক (অধিক বেনিফিট, ব্যয় ও সময় সাশ্রয়ী প্রস্তাব দানের জন্য জীবন বীমা কর্পোরেশনকে অনুরোধ করতে হবে।**

বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

আলোচ্যসূচি ৫.০। **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে অনিয়মিত ও অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারীদের চাকরি বোর্ডের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভূক্তিকরণ বিষয়ক আলোচনা।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ২১০টি পদ রয়েছে। উক্ত পদের কর্মচারীগণ সরকারি কর্মচারী কল্যাণ কমিটির ৩৮তম সভায় (২৯/১২/১৯৯৬ খ্রি.) সিদ্ধান্ত অনুযায়ী একটি চাকরি নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে। উক্ত কর্মচারীগন প্রকল্পভূক্ত কর্মচারী নন আবার রাজস্বখাতভূক্ত কর্মচারীও নন। কিন্তু তারা রাজস্ব বাজেটে প্রাপ্ত থোক বরাদ্দের অর্থ হতে বেতনভাতাদি পেয়ে থাকেন। উক্ত পদগুলি বোর্ডের সাংগঠনিক



Scanned by CamScanner

কাঠামোতে অন্তর্ভুক্ত করা এবং কর্মচারীদের চাকুরি বোর্ডে নিয়মিত করা প্রয়োজন। উল্লেখ্য, এ বিষয়ে স্টাফবাস কর্মসূচির কর্মচারীদের দায়েরকৃত মামলার প্রেক্ষিতে মাননীয় হাইকোর্ট তাদের চাকরি LGED -র কর্মচারীদের নিয়মিতকরণের পদ্ধতি অনুসরণ করে নিয়মিতকরণের নির্দেশ দিয়েছেন। এই নির্দেশনা বাস্তবায়ন করা হয়নি বিধায় আদালত অবমাননার মামলা হয়েছে এবং গত ০৪-১০-২০১৮ খ্রি. তারিখে বোর্ডের কর্মকর্তাদের ব্যক্তিগতভাবে হাজির হয়ে ব্যাখ্যা দিতে হয়েছে। বিজ্ঞ আদালত কর্তৃক মামলার রায়ের প্রেক্ষিতে কর্মচারীদেরকে LGED এর প্রকল্পভূক্ত ও অন্যান্য মন্ত্রণালয়ের অনিয়মিত কর্মচারীদের নিয়মিতকরণের নিয়ম অনুসরণ করে নিয়মিত করার লক্ষ্যে একটি প্রস্তাব সার-সংক্ষেপ আকারে প্রণয়ন করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা দেন। এই বিষয়ে উপস্থিত সদস্যদের আলোচনার পর আলোচ্য সার-সংক্ষেপ প্রণয়নে প্রয়োজন হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (স:ওব্য:), লেজিসলেটিভ বিভাগের যুগ্মসচিব (মতামত) এবং অর্থবিভাগের যুগ্মসচিব (বাজেট) এর পরামর্শ গ্রহণের নির্দেশ দেয়া হয়।

**সিদ্ধান্ত :** বিজ্ঞ আদালতের রায় অনুসারে স্টাফবাস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কর্মচারীদেরকে নিয়মিতকরণের লক্ষ্যে একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রণয়ন করতে হবে এবং প্রয়োজনে উল্লিখিত তিনটি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**আলোচ্যসূচি ৬.০। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের পদসমূহ সংরক্ষণ।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস কর্মসূচির ১৬৩টি পদ এবং মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ৪৭টি পদসহ মোট ২১০টি পদ বছরভিত্তিক সংরক্ষণ (Retention) করা হয়ে থাকে। ২৬ তম বোর্ড সভায় উক্ত পদসমূহ ৩০শে জুন, ২০১৮ পর্যন্ত সংরক্ষণের অনুমোদন প্রদান করা হয়েছিল। স্টাফবাস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের উক্ত ২১০টি পদ ৩০শে জুন, ২০১৯ পর্যন্ত পদসমূহ সংরক্ষণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর স্টাফবাস কর্মসূচির ১৬৩ টি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ৪৭ টিসহ মোট ২১০টি পদ ১ জুলাই, ২০১৮ হতে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত সংরক্ষণের (Retention) প্রস্তাব অনুমোদন করা হয়।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/১৪/২০১৮

( ফয়েজ আহম্মদ )
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।



Scanned by CamScanner